

বিচ্ছিন্নতাবাদের উৎস ও অভিমুখ
প্রসঙ্গ উত্তরবঙ্গ

সম্পাদনা

শঙ্কর সরকার

কালীকৃষ্ণ সূত্রধর



ভারত সাহিত্য কুটির

কলকাতা - ৭০০ ০০৯

BICHCHINNOTABADER UTSHO O ABHIMUKH
PROSONGA UTTARBANGA
Edited by : Sankar Sarkar & Kalikrishna Sutradhar
Price : ₹ 299/-

প্রকাশক :

পঙ্কজকুমার বসাক
১৩, রমানাথ মজুমদার স্ট্রিট
কলকাতা - ৭০০ ০০৯
ফোন - ৯৩৩৯৬৮৩২৪৫

হোয়াটস অ্যাপ - ৮৯০২৪০১৩৬৩
e-mail : pk.basak1966@gmail.com
📍 : New Bharat Sahitya Kutir

প্রথম প্রকাশ : আগস্ট, ২০২১

গ্রন্থস্বত্ব : শঙ্কর সরকার ও কালীকৃষ্ণ সূত্রধর

বর্ণস্থাপন :

সারদা লেজার প্রিন্ট
অশ্বিনীনগর, বাণ্ডুইআটি
কলকাতা-৭০০১৫৯

মুদ্রক :

গ্রাফিক রিপ্ৰোডাকশন
৮/৩, চিন্তামণি দাস লেন
কলকাতা - ৭০০ ০০৯

বিনিময় : ২৯৯ টাকা

ISBN : 978-81-954115-4-2

বিষয় সূচি

| বিষয় | পৃষ্ঠা |
|---|--------|
| ভূমিকার পরিবর্তে — ডঃ অনিল কুমার সরকার | ৫ |
| আমাদের কথা | ৮ |
| শব্দ সংক্ষেপ (abbreviations) | ১৫ |
| ১. স্বাধীনতার প্রাক্-মুহূর্তে উত্তরবঙ্গে রাজস্থান রাজ্যের দাবি আন্দোলন ও মহাপ্রাণ যোগেন্দ্রনাথ মণ্ডল : | |
| একটি তথ্যভিত্তিক বিশ্লেষণ — বিপ্লব বিশ্বাস | ১৭ |
| ২. তরাই ও ডুয়ার্সে আদিবাসী টেরিটোরিয়াল প্রশাসনের দাবি : | |
| একটি ঐতিহাসিক বিশ্লেষণ — ডঃ অনিল কুমার সরকার | ২৬ |
| ৩. আমরা বাঙালি ধারণা বিকাশের ইতিবৃত্ত : প্রসঙ্গ উত্তরবঙ্গ — শুভেন্দু রায় | ৩৮ |
| ৪. TASO আন্দোলন : একটি আর্থ-সামাজিক পর্যালোচনা — শঙ্কর সরকার | ৪৯ |
| ৫. গোর্খাল্যান্ড : পরিচিতির ওপর ভিত্তি করে স্বতন্ত্রতা আন্দোলন — শুভজিত মণ্ডল | ৫৯ |
| ৬. আঞ্চলিকতাবাদ ও আত্মপরিচয়ের রাজনীতি : | |
| প্রসঙ্গ গোর্খাল্যান্ড আন্দোলন — কৃষ্ণগোপাল মোহন্ত | ৬৯ |
| ৭. উত্তরখণ্ড আন্দোলন উৎসভূমি জলপাইগুড়ি — ডঃ নির্মল চন্দ্র রায় | ৮২ |
| ৮. উত্তরখণ্ড আন্দোলনের ইতিহাস — কালীকৃষ্ণ সূত্রধর | ৯১ |
| ৯. উত্তরবঙ্গের গ্রেটার কোচবিহার আন্দোলন : | |
| একটি তথ্যভিত্তিক পর্যালোচনা — মোহন হালদার | ৯৯ |
| ১০. ফিরে দেখা ও এগিয়ে চলা : | |
| প্রসঙ্গ গ্রেটার কোচবিহার আন্দোলন — শুভজয় রায় | ১০৮ |
| ১১. কামতাপুর আন্দোলন — সুবল চন্দ্র দাস | ১১৮ |
| ১২. কামতাপুর আন্দোলনের ইতিহাস — দীপক রায় | ১২৫ |
| ১৩. অস্তিত্বের সংকট ও বিচ্ছিন্নতা : প্রসঙ্গ উত্তরবঙ্গ — ডঃ সুপম বিশ্বাস | ১৩৫ |
| ১৪. বিচ্ছিন্নতাবাদ ও নগরায়ণ : | |
| স্বাধীনতা পরবর্তী উত্তরবঙ্গের আর্থ-সামাজিক দ্বন্দ্ব — সুদীপ ভট্টাচার্য্য | ১৪৩ |
| ১৫. স্বাধীনোত্তর উত্তরবঙ্গ ও বিচ্ছিন্নতাবাদী আন্দোলনের উৎস : | |
| একটি অনুসন্ধানমূলক আলোচনা — ডঃ বিপুল মণ্ডল | ১৫১ |
| ১৬. সাম্প্রতিককালে উত্তরবঙ্গের আঞ্চলিকতাবাদী আন্দোলন ও বিচ্ছিন্নতার সূত্র : প্রসঙ্গ দার্জিলিং ও কোচবিহার — রামকৃষ্ণ বিশ্বাস | ১৬১ |
| ১৭. উত্তরখণ্ড থেকে কামতাপুর : | |
| উত্তরবঙ্গে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন নিয়ে কিছু কথা — গন্ধেশ্বর সরকার | ১৬৮ |
| লেখক পরিচিতি | ১৭৩ |

বিচ্ছিন্নতাবাদ ও নগরায়ণ :
স্বাধীনতা পরবর্তী উত্তরবঙ্গের আর্থসামাজিক দ্বন্দ্ব
সুদীপ ভট্টাচার্য

১৯৪৭ সালে ভারতবর্ষ স্বাধীন হওয়ার পরবর্তীকালে একাধিক সমস্যায় জর্জরিত হয়ে পড়ে, স্বাভাবিকভাবেই পশ্চিমবঙ্গ তথা উত্তরবঙ্গেও বিভিন্ন সমস্যা দেখা দেয়। এই সমস্যাগুলির মধ্যে একটি অন্যতম সমস্যা হল বিচ্ছিন্নতাবাদ এবং অপর সমস্যা হল নগরায়ণের অভাব। এই আলোচ্য প্রবন্ধে তথ্যের আলোকে এবং বিশ্লেষণাত্মক ভঙ্গিতে উপরিউক্ত সমস্যা, তার উদ্ভবের কারণ এবং উভয়ের সম্পর্ক নির্ধারণ করার প্রচেষ্টা করা হবে।

স্বাধীনতা পরবর্তী উত্তরবঙ্গের আর্থসামাজিক জীবনে Identity Crisis বা জাতিসত্তার সংকট তীব্র আকার ধারণ করে। এ প্রসঙ্গে উল্লেখ্য এই জাতিসত্তার সংকটের উদ্ভব ভারতবর্ষ স্বাধীন হওয়ার পূর্বেই। কিন্তু স্বাধীনতার পরবর্তীকালে এই সংকট বৃদ্ধি পায় এবং বিচ্ছিন্নতাবাদী আন্দোলনে পরিণত হয়। এক্ষেত্রে আমরা আমাদের আলোচনা সীমাবদ্ধ রাখবো কামতাপুরী আন্দোলন এবং গোখাল্যান্ড আন্দোলনের মধ্যে। এই দুই অঞ্চলের মধ্যে বিচ্ছিন্নতাবাদের উদ্ভব এবং নগরায়ণের অভাবে তার ক্রমবিবর্তন এই প্রবন্ধের আলোচ্য বিষয়।

উত্তরবঙ্গকেন্দ্রিক প্রথম বিচ্ছিন্নতাবাদী আন্দোলনের প্রেক্ষাপট রচিত হয় ১৯৪৯ সালে উত্তরখণ্ড আন্দোলনের মাধ্যমে। এই আন্দোলনের সূচনা করেন রনধীর সুব্বা। এই আন্দোলনকে সমর্থন করেন এস.পি. প্রধান, শিব কুমার রাও। All India Gorkha League প্রস্তাব দেয়—

১. ডুয়ার্স সহ দার্জিলিং এবং আসমের সাথে যুক্ত হয়ে পৃথক প্রদেশ গঠন।
২. দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার এবং সিকিমকে নিয়ে পৃথক রাজ্য যার নাম হবে উত্তরাখণ্ড প্রদেশ।

এছাড়াও ১৯৫২ তে AIGL ৩ টি পৃথক দাবি রাখে,

১. দার্জিলিংকে কেন্দ্রীয় সরকারের অধীন পৃথক প্রশাসনিক কেন্দ্র হিসাবে স্বীকৃতি প্রদান।
২. জলপাইগুড়ি, সিকিম, কোচবিহারকে পৃথক প্রদেশ হিসাবে ঘোষণা করা।
৩. দার্জিলিং ও জলপাইগুড়িকে আসামের সাথে যুক্ত করা।

এইভাবে দার্জিলিং-এ গোখা জনজাতি ও জলপাইগুড়ি, কোচবিহারের রাজবংশী জনজাতি অধ্যুষিত এলাকায় বাঙালি আধিপত্য থেকে মুক্তির দাবি ওঠে। কারণ